# সফটওয়্যারের কারুকাজ

### এক্সপিতে ক্লিপবোর্ড কনটেন্ট ভিউ করা

ধরুন, আপনি ক্যুইক লাঞ্চ (Quick Launch) টুলবারে একটি শর্টকাট তৈরি করলেন, যাতে এক্সপির ক্লিপবোর্ডে কী আছে তা জানা যায় ডকুমেন্টকে কোনোভাবে প্রভাবিত না করে।

এ জন্য Start মেনুতে ক্লিক করে My Computer-এ ক্লিক করুন। C:Drive-এ ডাবল ক্লিক করুন। এরপর Windows-এ ক্লিক করে System32-এ ক্লিক করুন। এরপর স্ক্রলডাউন করতে থাকুন যতক্ষণ পর্যন্ত না Clipbrd নামের এক ফাইলকে লোকেট করতে পারছেন। এই ফাইলটিকে ড্র্যাগ অ্যান্ড ড্রপ করুন Quick Launch Toolbar-এ। এবার আইকনে ক্লিক করে ক্লিপবোর্ডের কনটেন্টকে ভিউ করুন।

এই প্রোগ্রাম একবার লোড করে ব্যবহার করে জানতে পারবেন ক্লিপবোর্ডে কী আছে। এটি স্বয়ংক্রিয়ভাবে আপডেট হয়, যেহেতু ক্লিপবোর্ডের কনটেন্ট পরিবর্তন হয়। ক্লিপবোর্ডের কনটেন্টকে সেভ করার জন্য কপি করতে পারেন। এজন্য File মেনুতে ক্লিক করে Save As-এ ক্লিক এবং ক্লিপবোর্ডে কনটেন্টের একটি নাম দিয়ে Save-এ ক্লিক করুন।

### নোটিফিকেশন ট্রেতে রিসাইকেল বিন সেটআপ করা

রিসাইকেল বিনকে সহজেই টাস্কবারে শিফট করা যায় না। চেষ্টা করে শুধু উইন্ডোজ এক্সপ্লোরার আইকনে পিন করা যায়, যার সবগুলো সহায়ক নয়। তবে ফ্রি টুল মিনিবিন (MiniBin) (www.e-sushi.net/minibin/) এ ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারে। এই টুল ইনস্টল করার জন্য জিপ আর্কাইভকে আনজিপ করে ফাইলকে ক্লিক করে EXE ফাইলকে ক্লিক করে স্টার্ট করুন। এরপর 'Start MiniBin at system boot' অপশনকে অবশ্যই সক্রিয় রাখতে হবে, যাতে এই টুল স্থায়ীভিত্তিতে সক্রিয় থাকে। ইনস্টলেশন সম্পন্ন করার পর সরাসরি প্রোগ্রামটি চালু করতে পারবেন। এ টুলটি Windows Recycle Bin-এর প্রতিস্থাপন নয়। তবে একটি বাড়তি অ্যাক্সেস মেথড। স্বাভাবিক সিস্টেম রিসাইকেল বিন সবসময় থাকে এবং ব্যবহার করা যায়। এ টুল দিয়ে ওপেন করতে পারবেন 'Old Recycle Bin' সরাসরি ডাবল ক্লিক করে বা কনটেক্সট মেনু ব্যবহার করে তাৎক্ষণিকভাবে এটি খালি করুন।

এক্ষেত্রে কনফিগারেশনের তেমন দরকার নেই। আপনাকে ইনফো এরিয়াতে আইকন সমন্বয় করতে হবে এমনভাবে, যাতে ছোট রিসাইকেল বিন সবসময় দৃশ্যমান হয়। টুলটি প্রদর্শন করে বর্তমান ফিলিং স্ট্যাটাস ও অবহিত করে পরে কখন স্বয়ংক্রিয়ভাবে সাইকেল খালি করার জন্য প্রত্যাশা করছেন। ইচ্ছে করলে যেকোনো সময় এ টুলকে আনইনস্টল করতে পারবেন কন্ট্রোল প্যানেলের সফটওয়্যার ডায়ালগ বক্স থেকে।

### এক্সেলে জিরো ভ্যালু হাইড করা

এক্সেল টেবল থেকে জিরো ভ্যালু হাইড করতে চাইলে Tools→Option ওপেন করে নিষ্ক্রিয় করুন 'Zero Values' অপশন।

### প্রেজেন্টেশনে বাধাগ্রস্ত করা

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনকে কালো স্ক্রিন দিয়ে বাধাগ্রস্ত করতে চাইলে [B] বা [.] চাপুন।

### প্যারাগ্রাফ চিহ্ন ডিসপ্লে করা

ওয়ার্ডে নন-প্রিন্টেবল সব ক্যারেক্টার ডিসপ্লে করতে চাইলে Ctrl+Shift+[+] চাপুন।

ইমতিয়াজ আহমেদ
ইসলামপুর, ঢাকা

### পাসওয়ার্ড দেয়ার সফটওয়্যার

বিভিন্ন সফটওয়্যারে বা অনলাইনে আমরা যে পাসওয়ার্ড দিয়ে থাকি তা (*) বা (০) চিহ্ন আকারে দেখা যায়। ফলে আপনার টাইপ করা পাসওয়ার্ড দেখা যায় না। কোনো কারণে পাসওয়ার্ড দেখতে চাইলে পাসওয়ার্ড ভিউয়ার সফটওয়্যারের সাহায্যে দেখতে পারেন। ১১৩ কিলোবাইটের ফ্রিওয়্যার এই সফটওয়্যারটি http://www.itsamples.com/software/powv.html সাইট থেকে ডাউনলোড করা যাবে। এরপর জিপ ফাইলটি আনজিপ করে Pwviewer রান করে হাতের ওপরে মাউস ধরে ওপরের টার্গেটটি যেকোনো পাসওয়ার্ডের ওপর দিয়ে গেলে পাসওয়ার্ডটির লেখা দেখাবে।

### উইন্ডোজের সিডি বার্নিং সফটওয়্যার বন্ধ করা

এক্সপিতে একটি সিডি বার্নিং সফটওয়্যার রয়েছে। তবে সিডি রাইট করার জন্য অন্য কোনো সফটওয়্যার যদি ব্যবহার করেন তাহলে এই সফটওয়্যারটি বন্ধ করে দিতে পারেন। মাই কমপিউটার খুলে সিডি রাইটার আইকনে ডান ক্লিক করে Properties নির্বাচন করলে নতুন একটি উইন্ডো আসবে। এবার Recording ট্যাবে গিয়ে Enable CD recording on this drive-এর টিকবক্সের টিক তুলে দিন। এখন সিডি বার্নিং সফটওয়্যার আর কাজ করবে না।

### ইন্টারনেট এক্সপ্লোরারের গতি বাড়ান

ইন্টারনেট এক্সপ্লোরারের গতি বাড়াতে ইন্টারনেট এক্সপ্লোরার খুলে Tools-এ যান। এবার Internet অপশন থেকে Advanced-এ ঢুকে Settings-এ ক্লিক করুন। এরপর Empty temporary internet files folder when browser is closed-এর পাশের বক্স চেক করে বের হয়ে আসুন। এই পদ্ধতি অনুসরণ করলে টেম্পোরারি ফাইলগুলো ব্রাউজার বন্ধের সাথে সাথে মুছে যায়, ফলে গতি বাড়ে।

মোছা: ছালমা খাতুন
শার্শা, যশোর

### ছোট চেকবক্স ব্যবহার করে ফাইল ও ফোল্ডার সিলেক্ট করা

কয়েকটি ফাইল ও ফোল্ডার সিলেক্ট করার জন্য আমরা সাধারণত Ctrl বা Shift কি চেপে এক্সপ্লোরারে কাঙ্ক্ষিত এন্ট্রিতে ক্লিক করে থাকি। উইন্ডোজ ৭ ও ভিস্তায় হোম প্রিমিয়াম, বিজনেস, এন্টারপ্রাইজ এবং আল্টিমেট ভার্সনেও ফাইল ও ফোল্ডার সিলেক্ট করার জন্য চেকবক্স ব্যবহার করা যেতে পারে। এ জন্য উইন্ডোজ এক্সপ্লোরার চালু করে টুলবারে 'Organize' সিলেক্ট করুন।

* এবার পরবর্তী উইন্ডোজ 'Folder and search options' অপশনে ক্লিক করুন।

* 'Folder Options' ডায়ালগবক্সে 'View' ট্যাবে 'Advanced settings'-এর অন্তর্গত 'Use check box to Select items'-এর সামনের বক্সটি চেক করুন।

* এবার 'Ok'-তে ক্লিক করে ডায়ালগবক্স বন্ধ করুন। এখানে উল্লিখিত নিয়মে কাজ করলে আপনাকে পিসি রিস্টার্ট করতে হবে না।

* যে মুহূর্তে কার্সরকে ফাইল বা ফোল্ডারের ওপরে নিয়ে আসবেন তখন একটি ছোট চেকবক্স আবির্ভূত হবে ওপরে সর্ববামে। যখনই সংশ্লিষ্ট চেকবক্সে ক্লিক করবেন, তখন সিলেকশন হয়ে যাবে। যদি চেকবক্সকে ক্লিক করতে মিস করেন তাহলে অপারেটিং সিস্টেম সব চেক অপসারণ করবে যেগুলো ইতোপূর্বে চেকবক্সে সেট করেছিলেন। চেকবক্সের পরিবর্তে আইকনে ক্লিক করলে সব সিলেকশন ডিসমিস হয়ে যাবে এবং এমন অবস্থায় আপনার সিলেকশনের কাজটি শেষ হবে শুধু বর্তমানে ফাইল ও ফোল্ডার সিলেকশনের মাধ্যমে।

### ইন্টারনেট এক্সপ্লোরার ৯ অপসারণ করা

উইন্ডোজ ৭ থেকে ইন্টারনেট এক্সপ্লোরার ৯ অপসারণ করার জন্য কন্ট্রোল প্যানেল ওপেন করে Uninstall a program-এ ক্লিক করুন। এরপর View installed updates লিঙ্কে ক্লিক করুন। এবার IE9 বেছে নিয়ে Uninstall-এ ক্লিক করুন। এরপর ইন্টারনেট এক্সপ্লোরার লিস্টে থাকবে গুরুত্বপূর্ণ উইন্ডোজ আপডেট হিসেবে।

আবদুস সামাদ
শেখঘাট, সিলেট

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপস-এর লেখককে যথাক্রমে ১,০০০ টাকা, ৮৫০ টাকা ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপস-এর লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপস-এর জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে* **ইমতিয়াজ আহমেদ, মোছা: ছালমা খাতুন,** *এবং* **আবদুস সামাদ**।